গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, দিনাজপুর
doict.dinajpur.gov.bd

# জেলা আইসিটি কমিটির জুন/২৬ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২১ জুন/২০২৬ |
| সভার সময় | সকাল ১১.৪০ ঘটিকা। |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ (কাঞ্চন-১), দিনাজপুর। |
| উপস্থিতি | (সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য) |

সভাপতি মহোদয় সভার প্রারম্ভে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর সভায় জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যাপক ব্যবহার, প্রয়োগ ও প্রসারের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে এবং প্রযুক্তি নির্ভর বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিভাগের নির্দেশনায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অতঃপর প্রোগ্রামার সভার আলোচ্যসূচি তুলে ধরেন। আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ওয়েব পোর্টাল সংক্রান্ত | প্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণ ও তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতকরণে জাতীয় তথ্য বাতায়ন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। জেলার সকল ওয়েবপোর্টাল হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। দিনাজপুর জেলার ওয়েবপোর্টালে সংযুক্ত **৯৫ টি দপ্তরের ওয়েবপোর্টালের** হালনাগাদ বিষয়ক বিস্তারিত প্রতিবেদন প্রদান করা হয়। প্রোগ্রামার জানান যে, আইসিটি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয় হতে নিয়মিতভাবে জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি প্রতিষ্ঠান/দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদকরণে কারিগরি সহায়তা দেয়া হচ্ছে ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। সংশ্লিষ্ট সকল অফিসের ওয়েবপোর্টালের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে জরুরিভিত্তিতে সকল সাইট এডমিনকে শক্তিশালী পাসওয়ার্ড ও টু-ফ্যাক্টর অথেন্টিকেশন ব্যবহার করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।<br>এছাড়াও প্রতিবেদন অনুযায়ী জেলা, উপজেলা, ইউনিয়ন পর্যায়ের যে সকল প্রতিষ্ঠান ওয়েবপোর্টাল আপডেট করেনি তাদের নিয়মিত ওয়েবপোর্টাল হালনাগাদ রাখতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি),<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), দিনাজপুর<br>৩। সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল) ও<br>৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর।<br>৫। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, দিনাজপুর। |
| ২ | ই-ফাইলিং (ডি-নথি) পদ্ধতিতে চিঠিপত্র নিষ্পত্তি | জেলা ও উপজেলা পর্যায়ের যেসকল দপ্তর ই-নথি লাইভে অন্তর্ভুক্ত ছিল সেসকল দপ্তরকে ডি-নথিতে আপগ্রেডেশন করা হয়েছে। দ্রুততার সহিত চিঠিপত্র নিষ্পত্তি ও পেপারলেস অফিস বাস্তবায়নে ডি-নথির ব্যবহার বৃদ্ধি করার প্রতি গুরুত্বারোপ করা হয়।<br>আইসিটি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয় হতে নিয়মিতভাবে জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরে ডি-নথির ব্যবহার বৃদ্ধিতে কারিগরি সহায়তা দেয়া হচ্ছে ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। সভাপতি মহোদয় সকল অফিসে ডি-নথি ব্যবহারকারী বৃদ্ধি করার উপরে গুরুত্বারোপ করেন এবং ডি-নথিতে শতভাগ দাপ্তরিক কার্য সম্পাদন করার জন্য অনুরোধ করেন। | ১। জেলা/ উপজেলা পর্যায়ের কর্মকর্তা(সকল), দিনাজপুর<br>২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| ৩ | **আইসিটিডি ডিজিটাল ল্যাব বিষয়ক** | **দিনাজপুর জেলায় ১৬৬টি আইসিটিডি ডিজিটাল ল্যাব ও ৬টি স্কুল অফ ফিউচার রয়েছে**। সভায় আইসিটিডি ডিজিটাল ল্যাবের কার্যকর ব্যবহার ও নিরাপত্তার বিষয়ে জেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করা হয়। ল্যাবে নিয়মিত পরিদর্শন করে কম্পিউটার ও অন্যান্য মালামাল সচল রাখা এবং ল্যাবের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ, রক্ষণাবেক্ষণ ও ল্যাব ব্যবহারের রেজিষ্টার সংরক্ষণ বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদান করতে সভাপতি মহোদয় জেলা শিক্ষা অফিসার, প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারগণকে নির্দেশনা প্রদান করেন। | ১। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর<br>২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর<br>৩। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, দিনাজপুর |
| ৪ | **উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান** | সভাপতি মহোদয় প্রতিমাসে উপজেলা আইসিটি কমিটির সভা আয়োজন করার তাগিদ প্রদান করেন এবং কার্যবিবরণী জেলায় প্রেরণ করার নির্দেশ প্রদান করেন। নির্ধারিত সময়ের মধ্যে সকল উপজেলা হতে কার্যবিবরণী পাওয়ার লক্ষ্যে যোগাযোগ করে তাগিদ প্রদান করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), দিনাজপুর<br>২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর<br>৩। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, দিনাজপুর |
| ৫ | **জেলা ও উপজেলা পর্যায়ে ইডিসি প্রকল্পের আওতায় সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র ও এন্ড ইউজার কানেক্টিভিটি সংক্রান্ত** | দিনাজপুর জেলার দিনাজপুর সদর, ফুলবাড়ি, পার্বতীপুর, কাহারোল, বোঁচাগঞ্জ, ঘোড়াঘাট, চিরিরবন্দর, খানসামা উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া সকল উপজেলায় এন্ড ইউজার কানেক্টিভিটি প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি মহোদয় প্রকল্প অফিসের প্রেরিত নির্দেশনা ও স্পেসিফিকেশন অনুযায়ী সকল ডিভাইস ও ফাইবার অপটিক কেবল ব্যবহার করা হচ্ছে কি না তা যাচাই ও ইন্টারনেট সংযোগের মান তত্ত্বাবধান করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), দিনাজপুর<br>২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর<br>৩। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, দিনাজপুর |
| ৬ | **সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত** | সরকারি দপ্তরে সরকারি ই-মেইল এড্রেস ব্যবহারের নির্দেশনা থাকলেও সকল দপ্তরে সরকারি ইমেইল এড্রেস ব্যবহার করা হচ্ছেনা। সরকারি প্রতিষ্ঠানের নিরাপত্তার স্বার্থে দাপ্তরিক ই-মেইল ব্যবহার করা জরুরী।<br>দাপ্তরিক কাজে ব্যক্তিগত ই-মেইল ব্যবহার না করে অফিসিয়াল ই-মেইল ব্যবহার করার জন্য অনুরোধ করা হয়।<br>জেলা পর্যালয়ের যে সকল দপ্তরের অফিসিয়াল ই-মেইল নেই স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ এর সাথে যোগাযোগ পূর্বক অফিসিয়াল ই-মেইল তৈরি করে নেয়ার জন্য অনুরোধ জানানো হয়। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), দিনাজপুর।<br>২। প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর ও<br>৩। সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| ৭ | **আইসিটি বিষয়ক প্রশিক্ষণ** | সরকারি কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ নীতিমালা মোতাবেক প্রতিটি দপ্তরে প্রশিক্ষণের মাধ্যমে আইসিটিতে দক্ষ জনবল গড়ে তুলতে হবে। এছাড়া প্রয়োজনীয় প্রশিক্ষণ এর একটি তালিকা করা এবং তা জেলা প্রশাসনকে জানানোর বিষয়ে আলোচনা করা হয়। বাজেট প্রাপ্তির পরিপ্রেক্ষিতে জেলায় নিয়মিত আইসিটি ও সাইবার নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার পাশাপাশি আইসিটি ল্যাবপ্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষকদের উক্ত প্রশিক্ষণের আওতায় অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), দিনাজপুর<br>২। প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর |
| ৮ | **সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত** | সামাজিক যোগাযোগ মাধ্যম ও অন্যান্য সফটওয়্যার ব্যবহারে সাবধানতার সহিত পাসওয়ার্ড ব্যবহার, ই-মেইলে আগত অপরিচিত লিংকে প্রবেশ না করাসহ অন্য কারো সাথে ওটিপি/পিন শেয়ারে সাবধানতা অবলম্বন করতে হবে। পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠান সমূহে নিয়মিতভাবে সাইবার সচেতনতামূলক ব্রিফিং আয়োজন করা যেতে পারে মর্মে সভাপতি মহোদয় মত প্রকাশ করেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), দিনাজপুর<br>২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর<br>৩। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, দিনাজপুর। |

<table>
<tr>
<td>৯</td>
<td>ICTD Lab পাঠ্যক্রম</td>
<td>শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ডিজিটাল ল্যাব সমূহে আইসিটি বিষয়ে যাতে শিক্ষার্থীরা ল্যাব ব্যবহার করে হাতে কলমে আইসিটি বিষয়ে জ্ঞান অর্জন করতে পারে সেজন্য ক্লাস অনুযায়ী সিলেবাসের আলোকে একটি করে ব্যবহারিক পাঠ্যক্রম তৈরি করা প্রয়োজন মর্মে সভাপতি মহোদয় মত প্রদান করেন। বিষয়টি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে সভাপতি মহোদয় অনুরোধ করেন ও পাঠ্যক্রমটি বাস্তবায়ন করতে সংশ্লিষ্ট  সকলকে কাজ করা এবং মাসিক প্রতিবেদন সংগ্রহের নির্দেশনা প্রদান করেন।</td>
<td>১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), দিনাজপুর<br>২। প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর<br>৩। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর<br>৪। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, দিনাজপুর<br>৫। ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের আইসিটি শিক্ষক</td>
</tr>
<tr>
<td>১০</td>
<td>জরুরি সেবা হেল্পলাইন</td>
<td>সকল জরুরি সেবা হেল্পলাইনসহ সরকারি সেবাসমূহ প্রচার করা এবং বাল্যবিবাহ, ভেজাল দ্রব্য, মাদক, ইভটিজিংসহ সকল সামাজিক সমস্যার বিষয়ে জেলা প্রশাসনকে জানাতে ও সরকারি সেবার তথ্য জানতে ৩৩৩ এর গুরুত্ব জনসাধারণের নিকট প্রচারের জন্য সকল সদসন্যকে অনুরোধ জানানো হয়।<br>জনসাধারণকে সহায়তার লক্ষ্যে নিচের নম্বরগুলো ব্যাপকভাব প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে:
<table>
<tr><td>সেবা নম্বর</td><td>সেবার ধরণ</td></tr>
<tr><td>৯৯৯</td><td>জাতীয় জরুরি সেবা (পুলিশ, ফায়ার সার্ভিস, অ্যাম্বুলেন্স)</td></tr>
<tr><td>৩৩৩</td><td>সরকারি তথ্য, সেবা ও সামাজিক সমস্যা (বাল্যবিবাহ, মাদক) প্রতিকার</td></tr>
<tr><td>১৬২৬৩</td><td>স্বাস্থ্য বাতায়ন (স্বাস্থ্যসেবা)</td></tr>
<tr><td>১০৬</td><td>দুর্নীতি দমন কমিশন (দুদক)</td></tr>
<tr><td>১০৯০</td><td>দুর্যোগের আগাম বার্তা</td></tr>
</table>
</td>
<td>১। জেলা প্রশাসন<br>২। উপজেলা প্রশাসন<br>২। সকল দপ্তর প্রধান<br>৩। জেলা তথ্য অফিস</td>
</tr>
</table>

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দের নিকট প্রযুক্তি নির্ভর উন্নত বাংলাদেশ বিনির্মানে আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সংযুক্তিঃ**

(১) সভার নোটিশ



২১-০৭-২০২৬
মোঃ রফিকুল ইসলাম
জেলা প্রশাসক

তারিখ: ৬ শ্রাবণ ১৪৩৩
২১ জুলাই ২০২৬

**নম্বর:** ৫৬.০৪.২৭০০.০০০.০০০.০৬.০০০৩.১৯.৫৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। বিভাগীয় কমিশনার, রংপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল), দিনাজপুর।
৪। .........................................ও সদস্য, জেলা আইসিটি কমিটি, দিনাজপুর।
৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়(সকল), দিনাজপুর।
৬। অফিস কপি।

২৩-০৭-২০২৬
অনিমেষ চন্দ্র বসুনীয়া
প্রোগ্রামার